দৈনিক ইনকিলাব

তারিখ ... 11 JAN 1993 ...
পৃঃ ... ৫ ... কলাম ... ৩ ...

## বিশ্ববিদ্যালয়ের ভর্তি প্রসংগে

শিক্ষাঙ্গন

ঢাকা বিশ্ববিদ্যালয়-এর ভর্তি প্রসংগে বহু আলোচনা ইতিমধ্যে বিভিন্ন পত্রিকায় প্রকাশিত হয়েছে, গত ১৭ নভেম্বর '৯২ তারিখে প্রকাশিত দৈনিক ইনকিলাবের শিক্ষাংগন বিভাগে এ সম্বন্ধে লিখেছেন, জনাব মোস্তাক আহমেদ চৌধুরী (দিপু)। তিনি কতগুলো ভিত্তিহীন যুক্তি দেখিয়েছেন, উনি বলেছেন, "ভর্তির নিয়মের মারপ্যাচে মেধাবী ছাত্র-ছাত্রীরা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কম নম্বর পেয়ে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়েও ভর্তি হতে পারে না। এবং নকল করে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বেশী নম্বর পেয়ে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে যায়।" কিন্তু ব্যাপারটা আর একটু ভেবে দেখুন, যে সকল ছাত্র-ছাত্রী প্রকৃত মেধাবী তারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নম্বর কম পাবে কেন? এবং যারা নকল করে বেশী নম্বর পায় তাদের প্রকৃত জ্ঞান বলতে তেমন কিছুই থাকে না।

এখন, আমার প্রশ্ন, বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা কি এতই সাধারণ যে, মেধাহীন ছাত্র-ছাত্রীরা উত্তীর্ণ হয়ে যাবে? তা ছাড়া নকল করে পরীক্ষায় কতইবা বেশী নম্বর পাওয়া যায়? অনেকেই নিশ্চয়ই স্বীকার করবেন যে, ভর্তি পরীক্ষার নিয়মকানুন যথেষ্ট সংগত ও সঠিক। বিশ্ববিদ্যালয় ভর্তি প্রসংগে নানা জনের নানা মত, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট অনুরোধ— ভর্তি পরীক্ষার বর্তমান নিয়ম অর্থাৎ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মোট নম্বরের যথাক্রমে ৪% ও ৬%, যোগ হওয়ার নিয়মটি বহাল রাখবেন।

—আবিদ ফিরোজ খান (শাকিল),।